

বর্তমান সরকারের আমলে বিএলআরআই এর অর্জিত সাফল্য/অগ্রগতি

বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট (বিএলআরআই) প্রাণিসম্পদ উন্নয়নে একটি জাতীয় অনন্য (Apex) গবেষণা প্রতিষ্ঠান। ১৯৮৪ সালে মহামান্য রাষ্ট্রপতির ২৮ নং অর্ডিন্যান্স এর মাধ্যমে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের আওতাধীন প্রতিষ্ঠান হিসেবে ১৯৮৬ সালে বিএলআরআই এর কর্মসূচী শুরু হয়। পোল্ট্রি ও প্রাণিসম্পদ উন্নয়ন সমস্যা ভিত্তিক জ্ঞান ও প্রযুক্তি উদ্ভাবন এবং এগুলো ব্যবহারে প্রাণিজ শিল্পের প্রসার ও দেশের আর্থ-সামাজিক উন্নয়নে বিএলআরআই দায়িত্ব পালন করে আসছে। বর্তমান সরকারের আমলে ইনস্টিটিউটের অর্জিত সাফল্য/অগ্রগতি নিম্নে উল্লেখ করা হলো-

প্রযুক্তি উদ্ভাবন

বার্ষিক গবেষণা কার্যক্রম পরিচালনার মাধ্যমে বিএলআরআই কর্তৃক প্রাণিসম্পদ উন্নয়ন সমস্যা ভিত্তিক প্রযুক্তি উদ্ভাবিত হয়। বর্তমান সরকারের মেয়াদকালে বিএলআরআই “স্বর্ণা” নামক ডিমপাড়া মুরগীর জাত উদ্ভাবন বিষয়ক গবেষণা কার্যক্রম সম্পন্ন করেছে, বর্তমানে প্রযুক্তিটির মাঠ পর্যায়ে সক্ষমতা যাচাই এর কাজ চলমান রয়েছে এবং অতিশীঘ্রই তা হস্তান্তর করা হবে বলে আমরা আশা করি।

বাস্তবায়িত গবেষণা কার্যক্রম

বিগত ২০১৪-২০১৫ অর্থ বছরে বিএলআরআই ৩৬টি গবেষণা কার্যক্রম বাস্তবায়ন করেছে যার মধ্যে উন্নত জাতের গাভী হতে সফলভাবে ভ্রূণ স্থানান্তরের মাধ্যমে বাছুর উৎপাদন বিষয়ক ওভাম পিক-আপ প্রযুক্তি, উপকূলীয় এলাকায় চাষোপযোগী লবণ সহিষ্ণু ঘাসের জাত উদ্ভাবন বিষয়ক গবেষণা, খাদ্য বর্জ্য থেকে গো-খাদ্য উৎপাদন, পিপিআর রোগ দমনে “বিএলআরআই মডেল”, ফিডমাষ্টার এ্যানালাইসিস এ্যানালিসিস (খাষরুল ভার্সন) উদ্ভাবন বিশেষভাবে উল্লেখযোগ্য।

অবকাঠামো উন্নয়ন

গবেষণা কার্যক্রম ত্বরান্বিত করার লক্ষ্যে সরকারের চলতি মেয়াদে বায়োটেকনোলজি বিভাগের নতুন ভবন নির্মাণ কাজ ইতোমধ্যে সম্পন্ন হয়েছে যা বর্তমানে উদ্বোধনের অপেক্ষায়। এছাড়া ভেড়া গবেষণাগার এবং বিএলআরআই এর কর্মব্যাপ্তি বৃদ্ধির লক্ষ্যে আরও ৩টি আঞ্চলিক কেন্দ্র (রাজশাহী, যশোর ও ফরিদপুর) স্থাপনের কাজ চলমান রয়েছে।

মানবসম্পদ উন্নয়ন

দক্ষ মানবসম্পদ তৈরীর লক্ষ্যে বিএলআরআই প্রাণিসম্পদ সম্পর্কিত বিভিন্ন বিষয় যেমন গরু মোটাজাকরণ, গাভী পালন, পোল্ট্রি পালন, ঘাস উৎপাদন ইত্যাদি বিষয়ে হাতে কলমে প্রশিক্ষণ প্রদান করে থাকে। এছাড়া অত্র ইনস্টিটিউটের কর্মরত বিজ্ঞানীদের কর্মদক্ষতা বৃদ্ধির লক্ষ্যে সংশ্লিষ্টদের দেশে বিদেশে প্রশিক্ষণের ব্যবস্থা করে আসছে। বিগত ২০১৪-২০১৫ অর্থ বছরে ৭৮১ জন খামারী ও ২৮০ জন বিজ্ঞানীবৃন্দকে বিষয় ভিত্তিক প্রশিক্ষণের ব্যবস্থা করেছে।

উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন

বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউটের তত্ত্বাবধানে বর্তমানে মোট ৫টি প্রকল্প চলমান রয়েছে। এছাড়া আরও ৮টি প্রকল্প অনুমোদনের জন্য প্রক্রিয়াধীন রয়েছে। চলমান প্রকল্প গুলো হলো-

- ১। মহিষ উন্নয়ন প্রকল্প (কম্পোনেন্ট-বি)
- ২। বাংলাদেশে এফএমডি ও পিপিআর গবেষণা প্রকল্প
- ৩। সমাজভিত্তিক ও বাণিজ্যিক খামারে দেশী ভেড়ার উন্নয়ন ও সংরক্ষণ প্রকল্প (কম্পোনেন্ট-এ গবেষণা, ২য় পর্যায়)
- ৪। ফড়ার গবেষণা ও উন্নয়ন প্রকল্প
- ৫। দেশী মুরগী সংরক্ষণ ও উন্নয়ন প্রকল্প

আঞ্চলিক ও আন্তর্জাতিক সহযোগিতামূলক কার্যক্রম সম্প্রসারণ

গবেষণা কার্যক্রমকে আরও আধুনিক ও বেগবান করার জন্য বিএলআরআই জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে বিভিন্ন প্রতিষ্ঠানের সাথে দ্বিপাক্ষিক যোগাযোগ রক্ষা করে। বর্তমান সরকারের আমলে বিএলআরআই দেশের অভ্যন্তরে ৫টি ও আন্তর্জাতিক পর্যায়ে ৫টি প্রতিষ্ঠানের সাথে সমঝোতা স্মারক স্বাক্ষর করেছে এবং দ্বিপাক্ষিক গবেষণা কার্যক্রম চালিয়ে যাচ্ছে। এসব প্রতিষ্ঠানের মধ্যে OXFAM, Chonbuk National University, Harbin Veterinary Research Institute of CAAS, P.R, China, Royal Veterinary College (University of London) ; Incepta Vaccine Ltd, PKSF উল্লেখযোগ্য।

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি সম্প্রসারণ

গবেষণা, উন্নয়ন এবং অফিস অটোমেশনের জন্য MIS (ARMIS, HRMS, FMIS, PMIS, IMIS, TMIS, LMIS, VMIS, Data Bank) তৈরীতে বিএলআরআই সংশ্লিষ্ট তথ্য হালনাগাদ করে যাচ্ছে। প্রতিষ্ঠানের সকল বিজ্ঞানীদের জন্য ইন্টারনেট সুবিধা নিশ্চিত করেছে।

সর্বোপরি বিএলআরআই তার অর্জিত লক্ষ্য অর্জন এবং প্রাণিসম্পদ খাতের কাঙ্ক্ষিত উন্নয়ন নিশ্চিতকল্পে গবেষণা কার্যক্রম বাস্তবায়নের জন্য নিরলস কাজ করে যাচ্ছে।